প্রসপেক্টাস

তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা, ঢাকা

مدرسة تعمير الملة الكامل، داكا

TA'MIRUL MILLAT KAMIL MADRASAH, DHAKA

(তাকওয়াবান ও দেশ প্রেমিক সুনাগরিক তৈরীর লক্ষ্যে প্রতিষ্ঠিত)

শিক্ষার্থীদের উদ্দেশ্যে

অধ্যক্ষের নসিহত

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

ঐতিহ্য ও গৌরবের নিশানবাহী বাংলাদেশে ইসলামী শিক্ষার অন্যতম সূতিকাগার তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা। একাডেমিক শিক্ষার পাশাপাশি এ প্রতিষ্ঠান জাতির জন্য সৎ, দক্ষ, আদর্শ ও দেশপ্রেমিক নাগরিক তৈরি করছে। কিন্তু সভ্যতার মোড়কে সাজানো জাহিলিয়াতের নিত্য-নতুন পসরায় আকৃষ্ট হয়ে একদল তরুণ অনৈতিকতা ও আদর্শহীনতার স্রোতে বিলীন করে চলছে জীবনের বহুমূল্যবান সময় ও মেধাকে। তাই এক্ষেত্রে,

- ওহী বিবর্জিত বস্তুবাদী শিক্ষার বিষবাষ্পে বিষায়িত আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষার্থীদেরকে নৈতিকতা ও সর্বাধুনিক জ্ঞান-বিজ্ঞানের দীপ্ত আলোয় উদ্ভাসিত হতে হবে।
- বর্তমানে আকাশ সংস্কৃতির কালো থাবা যখন তরুণ সমাজকে কলুষিত করছে তখন শিক্ষার্থীদেরকেই ইসলামের সঠিক শিক্ষা নিয়ে জাতির জন্য যোগ্য দায়ী হিসেবে নিজেকেই পেশ করতে হবে।
- জীবন চলার পথে সর্বদা সঙ্গী যেন থাকে আল-কোরআন। রাসূলের (সা:) সীরাত যেন হয় পথ প্রদর্শক। তবেই জাতি খুঁজে নিবে তার জীবন চলার সাথী।

- নিয়মিত ক্লাস করা, একাডেমিক অধ্যয়ন এবং নিয়মতান্ত্রিকতার সাথে পড়া-লেখা চালিয়ে যেতে হবে।
- বুদ্ধিবৃত্তিক চ্যালেঞ্জকে মোকাবেলা করার জন্য বিভিন্ন সেক্টরে নিজেকে আদর্শিকভাবে দক্ষতার সাথে এগিয়ে নিতে হবে।

প্রিয় শিক্ষার্থীদের স্বর্ণোজ্জল সাফল্যে জ্যোতি ছড়িয়ে যাক পৃথিবীর প্রতিটি প্রান্তে, আল্লাহর কাছে এ দু'আ করছি এবং তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসার গৌরবদীপ্ত ঐতিহ্য অক্ষুণ্ন থাকুক মহান আল্লাহর দরবারে এই কামনা করছি।

মা'আসসালাম

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ড. মুফতী মুহাম্মাদ খলিলুর রহমান মাদানী

প্রসপেক্টাস

তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা

৩১৫, মীরহাজিরবাগ, কাজীবাড়ি, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪
7540283 01309-108478 (অধ্যক্ষ)
EIIN No: ১০৮৪৭৮ 01558-268883 (অফিস)
মাদরাসা কোড ঃ ১১০০২
tamirulmillat63@gmail.com
www.tamirulmillat.com

তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা বালিকা শাখা

৩১৫, মীরহাজিরবাগ, কাজীবাড়ি, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪
7540283 01309-108478 (অধ্যক্ষ)
EIIN No: ১০৮৪৭৮ 01558-268883 (অফিস)
মাদরাসা কোড ঃ ১১০০২
tamirulmillat63@gmail.com
www.tamirulmillat.com

তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা, টঙ্গী

তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা (বালিকা শাখা)

গাজীপুরা, টঙ্গী, গাজীপুর-১৭১২
01913-479102 01712-119472
01917-286767 (বালিকা শাখা)
tamirulmillat24@gmail.com
www.tmm.edu.bd

তা'মীরুল মিল্লাত মহিলা কামিল মাদ্রাসা

মাতুয়াইল, ডেমরা, ঢাকা-১৩৬২
01819-498512 01933-234575
millatmohila@yahoo.com
www.tmmkm.edu.bd

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ

পড়! তোমার রবের নামে যিনি সৃষ্টি করেছেন। (সূরা আল-আলাক্: ১)

يَرْفَعِ اللهُ الَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ ۙ وَالَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ دَرَجٰتٍ ؕ

তোমাদের মধ্যে যারা ঈমানদার এবং জ্ঞানপ্রাপ্ত, আল্লাহ তাদের মর্যাদা উচ্চ করে দিবেন। (সূরা মুজাদালা: ১১)

مَنْ سَلَكَ طَرِيقًا يَلْتَمِسُ فِيْهِ عِلْمًا، سَهَّلَ اللهُ لَهُ بِهِ طَرِيقًا إِلَى الْجَنَّةِ

যে ব্যক্তি জ্ঞান অর্জনের উদ্দেশ্যে পথ অতিক্রম করে, আল্লাহ তার জন্য জান্নাতের পথ সুগম করে দেন। (তিরমিজী শরীফ-২৬৪৬)

إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ وَأَهْلَ السَّمَوَاتِ وَالْأَرْضِيْنَ حَتَّى النَّمْلَةَ فِي جُحْرِهَا وَحَتَّى الْحُوْتَ لَيُصَلُّوْنَ عَلَى مُعَلِّمِ النَّاسِ الْخَيْرَ

নিশ্চয় আল্লাহ, "তার ফেরেশতাগণ আকাশ ও যমিনের অধিবাসীগণ এমনকি গর্তের পিপীলিকা ও সমুদ্রের মাছ কল্যাণকর শিক্ষাদানকারীর জন্যে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে। (তিরমিজী শরীফ-২৬৮৫)

ভূমিকা

"তা'মীরুল মিল্লাত ট্রাস্ট" পরিচালিত তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা একটি ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান। দেশের দ্বিমুখী শিক্ষা ব্যবস্থার প্রেক্ষাপটে ইসলাম ও আধুনিক শিক্ষার বাস্তব সমন্বয় সাধন করে ইসলামী আদর্শের ভিত্তিতে এ প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে। ইংরেজ প্রবর্তিত প্রচলিত শিক্ষা ব্যবস্থায় ইসলামকে পূর্ণরূপে জানার ও শেখার তেমন কোন সুব্যবস্থা নেই। অন্যদিকে মাদ্রাসা শিক্ষায় ইসলামকে একটি পূর্ণাঙ্গ জীবন বিধান হিসেবে শিক্ষা দেয়ার মত ব্যবস্থা আজও গড়ে উঠেনি। ইসলামী জীবন দর্শন, ইতিহাস-ঐতিহ্য, শিক্ষা-সংস্কৃতি, মূল্যবোধ, অর্থনীতি, রাজনীতি ও সমাজনীতি সম্পর্কে তরুণদেরকে আদর্শ মুসলিম নাগরিকরূপে গড়ে তোলার সুযোগ এখনো তৈরী হয়নি। বিশেষ করে নৈতিক অবক্ষয় থেকে তরুণ সমাজকে রক্ষা করে চারিত্রিক উৎকর্ষ ও মূল্যবোধ তৈরির কোন কার্যক্রম আমাদের শিক্ষা ব্যবস্থায় নেই। এ নিদারুণ আদর্শিক দীনতা ও নৈতিক বিপর্যয় থেকে মুসলিম উম্মাহর ভবিষ্যৎ বংশধরকে রক্ষা করা এবং এ অভাব পূরণের বাস্তব উদ্যোগই হচ্ছে- "তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা" যা প্রতিষ্ঠিত হয় ১৯৬৩ সালে। পরবর্তীতে যুগের চাহিদার সাথে সংগতি রেখে দাখিল ও আলিম শ্রেণিতে বিজ্ঞান ও কম্পিউটার বিভাগ চালু করা হয়েছে। সম্প্রতি এখানে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ৪ বছর মেয়াদী সকল বিভাগে অনার্স কোর্স চালু করা হয়েছে এবং এক বছর মেয়াদী মাস্টার্স কোর্স চালু করা হয়েছে।

প্রতিষ্ঠানটির ধারাবাহিক সফলতা ও ইসলামী শিক্ষার ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে জানুয়ারি ১৯৯৭-এ তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা টঙ্গী ক্যাম্পাসের শুভ সূচনা হয়েছে। ক্যাম্পাসটি ইতোমধ্যে ছাত্র সংখ্যা ও কেন্দ্রীয় পরীক্ষায় ফলাফলের দিক থেকে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি লাভ করতে সক্ষম হয়েছে। মুসলিম মেয়েদের মধ্যে মাদ্রাসা শিক্ষার প্রতি প্রবল আগ্রহ লক্ষ্যণীয়, কিন্তু সে তুলনায় মেয়েদের জন্য আলাদা মানসম্পন্ন মাদ্রাসার সংখ্যা খুবই কম। মেয়েরা গড়তে পারে একটি আদর্শ পরিবার। আদর্শ জাতি গড়ার জন্য প্রয়োজন আদর্শ মা। আর এ জন্য প্রয়োজন পরিপূর্ণ দ্বীনি শিক্ষা। আদর্শিক দীনতা ও নৈতিক বিপর্যয় থেকে মুসলিম উম্মাহর ভবিষ্যৎ বংশধরকে রক্ষা করা এবং এ দেশের মহিলা সমাজকে দ্বীনি শিক্ষায় শিক্ষিত করে সমাজে মহিলা আলেম, ফকীহ ও দ্বীনের মহিলা বিশেষজ্ঞ তৈরির লক্ষ্যে দীর্ঘ দিনের প্রচেষ্টার পর ২০০০ সালে 'তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা' মহিলা শাখা প্রতিষ্ঠিত হয়।

বর্তমানে মাদ্রাসাটি ঢাকা-চট্টগ্রাম বিশ্ব রোডের পাশে মাতুয়াইলে নিজস্ব ক্যাম্পাসে পরিচালিত হচ্ছে। তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা টঙ্গী সংলগ্ন তা'মীরুল মিল্লাত বালিকা কামিল মাদ্রাসা চালু করা হয়েছে।

সাফল্যের ধারাবাহিকতায় ২০২০ সালের জানুয়ারি থেকে তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা ঢাকায় দক্ষ, অভিজ্ঞ মহিলা শিক্ষকগণের দ্বারা শিশু থেকে কামিল শ্রেণি পর্যন্ত বালিকা শাখার শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। আল্‌হামদুলিল্লাহ।

আল্লাহ তা'য়ালা তা'মীরুল মিল্লাত পরিবার কবুল করুন। আমীন

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ড. মুফতি মুহাম্মাদ খলিলুর রহমান মাদানী

তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা

অবস্থান	:	ঢাকা মহানগরীর পূর্ব দক্ষিণ উপকণ্ঠে যাত্রাবাড়ী সংলগ্ন মীর হাজিরবাগ, কাজী বাড়ীতে প্রতিষ্ঠানটি অবস্থিত।
বালিকা শাখা	:	মূল ক্যাম্পাসের ভবন-২ তা'মীরুল মিল্লাত বালিকা শাখা অবস্থিত।
প্রতিষ্ঠাকাল	:	১৯৬৩ সালে ক্ষুদ্রাকারে এ প্রতিষ্ঠানের জন্ম। ১৯৮৮ ইং সালে মাদ্‌রাসা শিক্ষার সর্বোচ্চ স্তর কামিল শ্রেণি পর্যন্ত উন্নীত হয়।
টঙ্গী ক্যাম্পাস	:	অত্র ক্যাম্পাসের কার্যক্রম ১৯৯৭ সালে শুরু হয়েছে। বর্তমানে শিশু থেকে কামিল শ্রেণি পর্যন্ত চালু রয়েছে।
অবস্থান	:	টঙ্গী পৌরসভার অন্তর্গত গাজীপুর এলাকায় ঢাকা ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে নিরিবিলি ও মনোরম পরিবেশে প্রতিষ্ঠানটি অবস্থিত।
টঙ্গী বালিকা শাখা:		২০১২ সালে টঙ্গী ক্যাম্পাসের পাশে বালিকা শাখায় প্রথম থেকে কামিল শ্রেণি পর্যন্ত চালু করা হয়েছে।
মহিলা ক্যাম্পাস	:	এ ক্যাম্পাসের কার্যক্রম আরম্ভ হয়েছে ২০০০ সনে। এটি বর্তমানে শিশু থেকে কামিল শ্রেণি পর্যন্ত একটি পূর্ণাঙ্গ কামিল মাদ্রাসায় রূপান্তরিত হয়েছে।
অবস্থান	:	মাতুয়াইল, ডেমরা, ঢাকা-১৩৬২।

লক্ষ্য ও উদ্দেশ্য

* ইসলামী নীতি নৈতিকতার আলোকে শিশু, কিশোর ও তরুণদের দৈহিক ও মানসিক শিক্ষাদান এবং তাদের সুপ্ত প্রতিভাকে মানবিক ও ইসলামী মূল্যবোধের আলোকে বিকশিত করা।
* প্রতিটি ছাত্রকে মুসলিম জাতির ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির সাথে পরিচয় করিয়ে ইসলামী জীবনাদর্শের সঠিক জ্ঞানদানের মাধ্যমে দেশপ্রেমিক ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলা।
* তা'লীম-তারবিয়াতের মাধ্যমে প্রতিটি ছাত্রের মধ্যে আধ্যাত্মিক চেতনা, ইসলামী মূল্যবোধ সৃষ্টি ও সুনাগরিক তৈরির চেষ্টা করা।
* বৃত্তিমূলক প্রশিক্ষণ ও বৈষয়িক শিক্ষার মাধ্যমে সমাজ পরিচালনায় সক্রিয় অংশ গ্রহণের যোগ্য করে গড়ে তোলা।
* বাতিলের সকল চ্যালেঞ্জের মোকাবিলায় ইসলামকে একটি কালজয়ী আদর্শ হিসেবে তুলে ধরার যোগ্যতা সৃষ্টি করা।
* সর্বোপরি মহান রবের সন্তুষ্টি অর্জন করা।

সহ-পাঠ্যক্রম কার্যাবলী

* আমল-আখলাককে একটি বিষয় হিসেবে পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত করে, যথারীতি পরীক্ষার ফলাফলের সাথে যোগ করা।
* ইসলামী শিক্ষা বিস্তার ও বাস্তবায়নের কাজে অংশগ্রহণের জন্য বিশেষভাবে উৎসাহ দান।
* ছাত্র-ছাত্রীদের উদ্যোগে বাংলা, আরবী ও ইংরেজী ভাষায় বিতর্ক-সভা, অনুশীলনী-বক্তৃতা, ক্বিরাত, হামদ, নাত, সাপ্তাহিক জলসা ইত্যাদি প্রতিযোগিতার অনুষ্ঠান।
* শরীর চর্চা, শরীআত সম্মত সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়ানুশীলন, সাংস্কৃতিক পক্ষ এবং বার্ষিক শিক্ষা সফর।
* সাহিত্য সাময়িকী, বার্ষিকী, বিজ্ঞান মেলা, আরবী, বাংলা ও ইংরেজী ভাষায় ক্যালিওগ্রাফি ও দেয়ালিকা প্রকাশ।
* সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসাহ দান।
* মেধাবী ছাত্রদের উচ্চ শিক্ষার জন্য বিদেশে প্রেরণের সহযোগিতা দান।
* কেন্দ্রীয় পরীক্ষাসমূহের ফলাফলের ভিত্তিতে মেধাবী শিক্ষার্থীদেরকে বিশেষ পুরস্কার প্রদানের মাধ্যমে উৎসাহ দান।
* ব্রেক থ্রু প্রোগ্রামের আওতায় শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতনতার ব্যবস্থা।
* দাখিল ও আলিম শ্রেণিতে বিজ্ঞান ও কম্পিউটার বিভাগসহ অত্যাধুনিক কম্পিউটার ল্যাব চালু রয়েছে।
* প্রথম শ্রেণি থেকে দাখিল দশম শ্রেণি পর্যন্ত সকল ছাত্রের জন্য বাধ্যতামূলক ডায়েরী সিস্টেম চালু আছে।
* মূল প্রতিষ্ঠানে এ বছর মোট ছাত্র/ছাত্রী সংখ্যা প্রায় ৭৫০০ (সাত হাজার পাঁচশত) জন।

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভাগসমূহ

* ৩ বছর মেয়াদী ফাযিল স্নাতক (পাসকোর্স) বিটিআইএস, বিটিএসএস, বিএসসি।
* ২ বছর মেয়াদী কামিল (মাস্টার্স): হাদীস, তাফসীর, ফিকহ, আদব বিভাগ।
* কামিল সকল বিভাগে প্রাইভেট পরীক্ষার সুযোগ রয়েছে।
* **৪ বছর মেয়াদী ফাযিল অনার্স কোর্স:**

বিভাগসমূহ:

- আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ
- আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ
- আদ দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতিক
- আরবি ভাষা ও সাহিত্য

১ বছর মেয়াদী কামিল মাস্টার্স কোর্স:

- আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ
- আদ দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

সংশ্লিষ্ট বিভাগ ও প্রতিষ্ঠানসমূহ

* হিফজুল কুরআন বিভাগ।
* তা'মীরুল মিল্লাত তাখসীসী শাখা।
* তা'মীরুল মিল্লাত জামে মসজিদ।
* তা'মীরুল মিল্লাত ছাত্রাবাস।
* তা'মীরুল মিল্লাত শহীদ মুনতাসির রহমান আলিফ সেমিনার হল।
* তা'মীরুল মিল্লাত গ্রন্থাগার।
* তা'মীরুল মিল্লাত ইফতা বিভাগ।
* তা'মীরুল মিল্লাত ইয়াতিমখানা।
* তা'মীরুল মিল্লাত বিজ্ঞানাগার।
* এ্যারাবিক ল্যাঙ্গুয়েজ ক্লাব।
* ইংলিশ ল্যাঙ্গুয়েজ ক্লাব।
* তা'মীরুল মিল্লাত সবুজায়ন।
* তা'মীরুল মিল্লাত গবেষণাগার।
* তা'মীরুল মিল্লাত ছাত্রসংসদ।
* তা'মীরুল মিল্লাত বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র।
* তা'মীরুল মিল্লাত আদর্শ ফোরকানিয়া মাদ্‌রাসা।
* শহীদ মো: আদিল আইসিটি আইসিটি ল্যাব।

পাঠদানকৃত বিষয়সমূহ

কুরআন, হাদীস, তাফসীর, দাওয়া, ফিক্‌হ, উসুলে ফিক্‌হ, বালাগাত, মানতিক, ফারায়েজ, আরবি সাহিত্য, আরবি ব্যাকরণ, বাংলা সাহিত্য, বাংলা ব্যাকরণ, ইংরেজি সাহিত্য, ইংরেজি ব্যাকরণ, সাধারণ গণিত, উচ্চতর গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, ইসলামের ইতিহাস, মাদ্‌রাসা শিক্ষা বোর্ড ও ইসলামি আরবী বিশ্ববিদ্যালয় সিলেবাসভূক্ত সকল বিষয়।

তা'মীরুল মিল্লাত ইয়াতিমখানা

* অভিজ্ঞ ও যোগ্য শিক্ষকদের তত্ত্বাবধানে তা'মীরুল মিল্লাত ইয়াতিমখানা পরিচালিত।
* ইয়াতিম ছাত্রদের শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বিশেষ ক্লাস।
* ইয়াতিমদের জন্য সুন্দর পরিবেশে ভিন্ন একটি ক্যাম্পাস।
* মাদরাসার বার্ষিক ও কেন্দ্রীয় পরীক্ষায় ইয়াতিম ছাত্রদের ফলাফল সন্তোষজনক।
* বর্তমানে প্রায় একশত জন ইয়াতিম ছাত্রদের থাকা-খাওয়া, শিক্ষা ও চিকিৎসাসহ সার্বিক ব্যয় প্রতিষ্ঠানের পক্ষ থেকে বহন।
* বেকার সমস্যা সমাধানে ইয়াতিম ছাত্রদের কারিগরী শিক্ষার ব্যবস্থা।
* ছিন্নমূল ও পথ শিশুদের শিক্ষার ব্যবস্থা।

তা'মীরুল মিল্লাত হিফ্‌জুল কুরআন বিভাগ

* তা'মীরুল মিল্লাত ট্রাস্টের অধীনে বর্তমানে দু'টি হিফজখানা পরিচালিত।
* বিশুদ্ধ তিলাওয়াতসহ দক্ষ হাফিজ তৈরিই তা'মীরুল মিল্লাত হিফজখানার লক্ষ্য।
* সুদক্ষ হাফিজগণের তত্ত্বাবধানে পরিচালিত।
* হিফজখানার ছাত্ররা বিভিন্ন জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করে উল্লেখযোগ্য পুরস্কার লাভে সক্ষম হয়েছে।
* হিফজের পাশাপাশি ৫ম শ্রেণি সমাপনী পরীক্ষা দেয়ার ব্যবস্থা।

তা'মীরুল মিল্লাত তাখসীসী শাখা

অভিভাবকবৃন্দের আবেগ ও আকাঙ্খার প্রতি লক্ষ্য রেখে তা'মীরুল মিল্লাত তাখসীসী শাখা চালু করা হয়েছে। এই শাখায় স্কুল, কওমী ও হিফজ থেকে আসা শিক্ষার্থীদেরকে, বয়স অনুপাতে উপযুক্ত শ্রেণিতে ভর্তি করানো এবং কেন্দ্রীয় পরীক্ষায় প্রত্যাশিত ফলাফল করতে সক্ষম করে গড়ে তোলাসহ সৎ, যোগ্য, দেশপ্রেমিক ও সুনাগরিক হিসেবে তৈরি করার উদ্দেশ্যে ২৪ ঘন্টা সরাসরি শিক্ষক তত্ত্বাবধানে রেখে যত্নসহকারে পাঠদান ও তদারকি করার ব্যবস্থা আছে।

তা'মীরুল মিল্লাত ছাত্রাবাস

* ছাত্রাবাসে অবস্থানরত ছাত্রদের অধ্যয়ন ও চরিত্র গঠনের প্রতি বিশেষভাবে নজর রাখা হয়।
* প্রয়োজনীয় সংখ্যক যোগ্য আবাসিক শিক্ষকদের মাধ্যমে বিশেষ তত্ত্বাবধানের ব্যবস্থা।
* মেধা ও আমল-আখলাকের ভিত্তিতে সীট বরাদ্দ।
* হাউজ টিউটরদের তত্ত্বাবধানে আবাসিক শিক্ষার্থীদের মেধা বিকাশের লক্ষ্যে প্রতিদিন সন্ধ্যার পর বিশেষ ক্লাসের ব্যবস্থা।
* বর্তমানে মাদরাসার আবাসিক ছাত্র-ছাত্রীদের সংখ্যা প্রায় পাঁচশত।

তা'মীরুল মিল্লাত ইফতা বিভাগ

জনসাধারণের সামাজিক ও পারিবারিক সমস্যা কুরআন-হাদীস ও ইসলামি ফিক্‌হের নির্ভরযোগ্য কিতাবাদী থেকে সঠিক সমাধান দানের লক্ষ্যে তা'মীরুল মিল্লাত ইফতা বিভাগ খোলা হয়েছে। যে কোনো লোক লিখিতভাবে যে কোনো মাসয়ালার সমাধান জানতে চাইলে আমাদের অভিজ্ঞ মুফতীগণের মাধ্যমে এর সমাধান দেওয়া হয়। এলাকার জনসাধারণের দ্বীনি খেদমত আঞ্জাম দেয়াই ইফতা বিভাগের প্রধান কাজ।

বালিকা শাখার বৈশিষ্ট্যসমূহ

* দক্ষ ও অভিজ্ঞ মহিলা শিক্ষকগণের মাধ্যমে শিক্ষাদান।
* আবাসিক সুবিধা প্রদান এবং অনাবাসিকদের জন্য যাতায়াতের সু-ব্যবস্থা।
* প্রথম শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী উভয়ের ভর্তির সুযোগ।
* তৃতীয় শ্রেণি থেকে ফাযিল শ্রেণি পর্যন্ত শুধুমাত্র ছাত্রীদের ভর্তির ব্যবস্থা।
* ইসলামী আদর্শের বাস্তব অনুশীলনের উদ্বুদ্ধকরণ। ইসলামী ও আধুনিক শিক্ষার সমন্বয় সাধন।
* দাখিল শ্রেণিতে বিজ্ঞান ও কম্পিউটার বিভাগ চালু রয়েছে।
* শরীয়তসম্মত পর্দার সাথে শিক্ষা দান।
* বেলা ১১ টায় ক্লাস শুরু হয়।

সবুজায়ন

তা'মীরুল মিল্লাত মাদ্‌রাসা অভ্যন্তরীণ শোভা বর্ধন ও মনোরম পরিবেশ বিরাজমান থাকার জন্য বিশাল গার্ডেন রয়েছে। তাতে রয়েছে বনজ, ফলজ ও ফুলজ গাছের সমারোহ। মন জুড়ানো অপরূপ সৌন্দর্য ঘিরে রেখেছে মাদ্‌রাসা ক্যাম্পাসকে। তাতে যেন বসেছে সবুজের মেলা।

পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি

* ১ম হতে দশম শ্রেণি পর্যন্ত বছরে ২টি সাময়িক ও ১টি বিশেষ পরীক্ষা হয়।
* আলিম শ্রেণিতে মডেল টেস্টসহ ৫টি পরীক্ষা হয়।
* পরীক্ষার ফলাফল মাদরাসার ওয়েব সাইটে প্রকাশ করা হয়।
* ফাযিল, কামিল ও অনার্সে নির্বাচনী পরীক্ষা হয়।
* শিশু-দশম শ্রেণি পর্যন্ত ১০০ নাম্বার আমল-আখলাক এ দেওয়া হয়। অর্থাৎ ছাত্রের ক্লাসে উপস্থিতি, আচার-আচরণ, মাদ্‌রাসার ইউনিফর্ম যথাযথভাবে পরিধান করে মাদ্‌রাসায় উপস্থিত হওয়া, পরিষ্কার-পরিচ্ছন্নতা, বাড়ীর কাজ আদায় ইত্যাদি বিষয়ের উপর ভিত্তি করে নাম্বার দেওয়া হয়।
* শিশু-দশম শ্রেণি পর্যন্ত সপ্তাহিক ও মাসিক পরীক্ষা নেয়া হয়।
* মাদ্‌রাসা পরীক্ষা কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য পৃথক পরীক্ষা বিভাগ রয়েছে।

ভর্তির নিয়মাবলী

* শিশু থেকে ৯ম শ্রেণি পর্যন্ত প্রতিবছর ডিসেম্বর ও জানুয়ারী মাসে ভর্তি করা হয়।
* ৩য় শ্রেণি পর্যন্ত মৌখিক পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হয়।
* ৪র্থ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হয়।
* ভর্তি বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকার মাধ্যমে প্রচার করা হয়। এছাড়া বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুন মাদরাসার ওয়েব সাইট: www.tamirulmillat.com ও পেইজ Tamirul Millat Kamil Madrasah-Dhaka (Main Campus).
* ভর্তি পরীক্ষার মোট নম্বর ১০০। তন্মধ্যে লিখিত ৮০ ও মৌখিক ২০।
* পরীক্ষার সময় ১ ঘন্টা।

মানবন্টন:

শ্রেণি ভিত্তিক ভর্তি পরীক্ষার বিষয়, মানবন্টন ও পাঠ্যসূচী নিম্নে দেয়া হলোঃ-

৪র্থ - ৯ম শ্রেণি

আরবি- ২০, বাংলা -১৫, গণিত-২০, ইংরেজী-১৫
সাধারণ জ্ঞান-১০, মৌখিক -২০

পাঠ্যসূচি

১. আরবি-পূর্ববর্তী শ্রেণির আরবি ১ম ও ২য় পত্র পাঠ্যবই।
২. গণিত ও বিজ্ঞান- পূর্ববর্তী শ্রেণির গণিত ও বিজ্ঞান পাঠ্যবই।
৩. সাধারণজ্ঞান- পূর্ববর্তী শ্রেণির পাঠ্যবই (বাংলাদেশ ও বিশ্বপরিচয়)
৪. বাংলা

৫ম শ্রেণি

বর্ণ, ভাষা, শব্দ, বচন, লিঙ্গ, ক্রিয়ার কাল, পদ ও বাক্য।

৬ষ্ঠ শ্রেণি

ভাষা, শব্দ, পদ, বচন, লিঙ্গ, সন্ধি, কারক, বিপরীত শব্দ, এক কথায় প্রকাশ।

৭ম শ্রেণি

ভাষা, ধ্বনিতত্ত্ব, শব্দ, পারিভাষিক শব্দ, লিঙ্গ, সমার্থক শব্দ, বাক্য, এক কথায় প্রকাশ, বানান ও বিরাম চিহ্ন।

৮ম শ্রেণি

ভাষা, সন্ধি, কারক, শব্দ ও পদ, বাক্য, বিরাম চিহ্ন, সমার্থক শব্দ, বিপরীত শব্দ, এক কথায় প্রকাশ, বাগধারা।

৯ম শ্রেণি

ভাষা, সন্ধি, শব্দ, পদ, লিঙ্গ, বাক্য, বানান, সমার্থক শব্দ, বিপরীত শব্দ, বাগধারা, বিরাম চিহ্ন ও এক কথায় প্রকাশ।

Syllabus for admision test

Subject : English

Class- Five : Word meaning & making Sentence on text book, Parts of Speech, Translation

Class- Six : Word meaning & making Sentence on text book,Parts of Speech, Translation

Class- Seven : Article, Parts of Speech, Changing Sentence, Affirmative to Negative, Assertive to Interrogative, Exclamatory to Assertive, Translation.

Class- Eignt : Article, Parts of Speech, Changing Sentence, Affirmative to Negative, Assertive to Interrogative, Exclamatory to Assertive, Voice, Narration, Translation.

Class- Nine : Article, Parts of Speech, Changing Sentence, Affirmative to Negative, Assertive to Interrogative, Exclamatory to Assertive, Voice, Narration, Translation.

তা'মীরুল মিল্লাতের গৌরবোজ্জ্বল অর্জন

১। জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে একাধিকবার নির্বাচিত ও পুরস্কৃত।

২। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় মেধা তালিকায় এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ১ম থেকে ১০ম এর মধ্যে অবস্থান।

৩। প্রতি বছর ঢাকা মেডিকেল কলেজসহ অন্যান্য সরকারি মেডিকেল কলেজে উল্লেখযোগ্য ছাত্র ভর্তির সুযোগ।

৪। জাতীয় পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে বিজয়ী হওয়ার গৌরব অর্জন।

৫। এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা দেশে বিদেশে সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদে যোগ্যতার সাথে দায়িত্ব পালন।

৬। এই প্রতিষ্ঠানের কৃতি ছাত্রদের একটি অংশ বিশ্বের গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নের সুযোগ পেয়ে কৃতিত্বের সাথে উচ্চ শিক্ষা অর্জন করছে। যে সকল বিশ্ববিদ্যালয়ে অত্র প্রতিষ্ঠানের ছাত্ররা অধ্যয়ন করছে- ইসলামী বিশ্ববিদ্যালয় (মদীনা), উম্মুল কুরা বিশ্ববিদ্যালয় (মক্কা), অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় (ইংল্যান্ড), হার্ভার্ড বিশ্ববিদ্যালয় (মার্কিন যুক্তরাষ্ট্র), আল-আজহার বিশ্ববিদ্যালয় (মিশর), ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয় (ইংল্যান্ড), ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় (নিউজিল্যান্ড), আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় (মালয়েশিয়া), আঙ্কারা বিশ্ববিদ্যালয় (তুরস্ক), কিং আব্দুল আজিজ বিশ্ববিদ্যালয় (জেদ্দা), কিং সউদ বিশ্ববিদ্যালয় (রিয়াদ), কায়রো বিশ্ববিদ্যালয় (মিশর), মালয় বিশ্ববিদ্যালয় (মালয়েশিয়া), কুয়ালালামপুর বিশ্ববিদ্যালয় (মালয়েশিয়া)।

অভিভাবকদের জ্ঞাতব্য বিষয়

* নিজ নিজ সন্তানদের প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করা।
* বিনা অনুমতিতে সন্তান প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকলে প্রতিষ্ঠানকে অবগত করানো।
* প্রতিষ্ঠানের নির্দিষ্ট পোশাক সাদা পাঞ্জাবী, পায়জামা ও সাদা টুপি পরিধান করে আসার ব্যাপারে যত্নশীল হওয়া।
* সন্তানদের মানোন্নয়নে কর্তৃপক্ষের আহ্বানে সাড়া দেয়া।
* সন্তানদের সাহচর্যের ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখা এবং মোবাইল ব্যবহারে নিরুৎসাহিত করা।
* শিক্ষার্থীর পড়াশুনা নিয়মিত তদারকি করা।
* প্রতিষ্ঠানের ডায়েরী নিয়মিত পর্যবেক্ষণ ও স্বাক্ষর করা।
* প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত অভিভাবক সমাবেশে উপস্থিত থাকা।
* সন্তানদের কল্যাণ কামনায় নিয়মিত আল্লাহর নিকট দু'আ করা।
* সন্তানদের আমল আখলাক তদারকি করা।

অন্যান্য কার্যক্রম

* কামিল শ্রেণির ছাত্রদের জন্য মাদরাসার নিয়মিত ক্লাসের পাশাপাশি সান্ধ্যকালীন ক্লাসের মাধ্যমে হাদীস বিভাগে বুখারী শরীফ, তিরমিযী শরীফ, ফিকহ বিভাগে তুহাবী শরীফ ও আলিম-ফাযিল শ্রেণির মিশকাতুল মাসাবীহ খতম করার ব্যবস্থা।
* সরকারের শিক্ষা উন্নয়নে গৃহীত পরিকল্পনার আলোকে তথ্য প্রযুক্তির ব্যবহার।
* উচ্চশিক্ষিত ও বিদেশে ডিগ্রীধারী প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকমণ্ডলী দ্বারা পরিচালিত।
* নাহু-ছরফ ও ইংরেজী গ্রামারের বিশেষ ক্লাসের মাধ্যমে আরবি ও ইংরেজিতে কথোপকথনের যোগ্যতা অর্জন।

* ইবতেদায়ী শিক্ষার্থীদের জন্য আলাদা ভবন এবং আয়ার মাধ্যমে বিশেষ যত্ন প্রদান।
* ডিজিটাল কম্পিউটার ল্যাবের মাধ্যমে নিয়মিত ব্যবহারিক ক্লাসের ব্যবস্থা।
* দুর্বল ও পিছিয়ে পড়া শিক্ষার্থীদের বিশেষ ক্লাসের মাধ্যমে শ্রেণি উপযোগী করে গড়ে তোলা।
* আলিম (সাধারণ ও বিজ্ঞান) শ্রেণিতে ফাউন্ডেশন ক্লাসের মাধ্যমে বিভিন্ন বিষয়ে Basic জ্ঞান প্রদান।
* ফাযিল স্নাতক (সম্মান) ও কামিল, মাস্টার্স শ্রেণিতে ছাত্রীদেরও ভর্তির সুযোগ রয়েছে।
* জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিশেষ তদারকি।
* ৫ম, ৮ম, দশম ও আলিম শ্রেণির ছাত্রদেরকে বিভিন্ন গ্রুপে ভাগ করে শিক্ষকদের দ্বারা Home Visit এর ব্যবস্থা।
* সি. সি. ক্যামেরার মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা।
* ক্লাসের পূর্বে এসেম্বলীর মাধ্যমে নিয়মিত জাতীয় সঙ্গীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন।
* বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন।
* Visual Content তৈরী করে Digital পদ্ধতিতে Multi Media এর সাহায্যে ক্লাস নেয়ার সুব্যবস্থা।
* সেসিপ কর্তৃক নির্দেশিত শিক্ষকদেরকে "শিক্ষক ডায়েরী" প্রদান।
* নির্ধারিত ইউনিফর্ম সাদা পাঞ্জাবী, সাদা পায়জামা ও সাদা টুপি বাধ্যতামূলক।
* স্কাউট দলের সক্রিয় কার্যক্রম।
* সন্ত্রাস, জঙ্গিবাদ ও দলীয় রাজনীতি মুক্ত ক্যাম্পাস।
* জেনারেশন ব্রেক থ্রু এর কার্যক্রম চলমান আছে।

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র

শিশু-অষ্টম শ্রেণি

১. শিক্ষার্থীর (অনলাইন) জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
২. শিক্ষার্থীর ছবি তিন কপি (রঙ্গিন পাসপোর্ট সাইজ)।
৩. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৪. পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশংসাপত্র/ছাড়পত্রের ফটোকপি।

দাখিল নবম শ্রেণি

১. শিক্ষার্থীর (অনলাইন) জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
২. শিক্ষার্থীর ছবি তিন কপি (রঙ্গিন পাসপোর্ট সাইজ)।
৩. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৪. পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশংসাপত্র/ছাড়পত্রের ফটোকপি।
৫. জেডিসি/ জেএসসির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

আলিম ১ম বর্ষ

১. অনলাইনে আবেদনের কপি ১টি।
২. অনলাইন আবেদনের অভিনন্দন কপি ১টি।
৩. অনলাইন আবেদনের নিশ্চায়ন কপি ১টি।
৪. দাখিলের প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
৫. একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ অনলাইন থেকে মার্কশীটের কপি।
৬. শিক্ষার্থীর (অনলাইন) জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
৭. শিক্ষার্থীর ছবি তিন কপি (রঙ্গিন পাসপোর্ট সাইজ)।
৮. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৯. পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশংসাপত্র/ছাড়পত্রের ফটোকপি।

ফাযিল ১ম বর্ষ/ অনার্স ১ম বর্ষ

১. দাখিল ও আলিমের একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।
২. শিক্ষার্থীর (অনলাইন) জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
৩. শিক্ষার্থীর ছবি তিন কপি (রঙ্গিন পাসপোর্ট সাইজ)।
৪. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৫. পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশংসাপত্র/ছাড়পত্রের ফটোকপি।

কামিল ১ম বর্ষ/ মাস্টার্স

১. দাখিল ও আলিমের একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।
২. ফাযিল তৃতীয় বর্ষের প্রবেশপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি ও রেজিস্ট্রেশন কার্ড।
৩. শিক্ষার্থীর (অনলাইন) জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
৪. শিক্ষার্থীর ছবি তিন কপি (রঙ্গিন পাসপোর্ট সাইজ)।
৫. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৬. পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশংসাপত্র/ছাড়পত্রের ফটোকপি।

হিফজ বিভাগের ২৪ ঘণ্টার রুটিন

ভোর

- সালাতুল ফজরের ১ ঘণ্টা ২০ মিনিট পূর্বে ঘুম থেকে জাগরণ।
- অজু, ইস্তিনজা ও সালাতুত তাহাজ্জুদ ৩০ মিনিট।
- সবক প্রস্তুতকরণ ও সবক শুনানো ৪৫ মিনিট।
- সালাতুল ফজর ও তাসবিহ-তাহলীল।
- সালাতুল ফজরের পর হালকা নাস্তা ১০ মিনিট।
- সবক ও সাতসবক সকাল ৭:০০ টা পর্যন্ত।

সকাল

- ৭:০১ টা - ৭:৩০ টা নাস্তা।
- ৭:৩১ টা - ৮:৮৫ টা সাত সবক ও তিলাওয়াত।
- ৮:৪৬ টা - ৯:২০ টা মাশক ও তাজভীদ।
- ৯:২১ টা - বেলা ১১:৩০ টা নিদ্রা।
- ১১:৩১ টা - দুপুর ১২:০০ টা গোসল।

দুপুর

- ১২:০১ টা - ১:০০ টা তিলাওয়াত।
- ১:০১ টা - ১:৩০ টা সালাতুজ যোহর।
- ১:৩১ টা - ২:১৫ টা দুপুরের খাবার।
- ২:১৬ টা - সালাতুল আসর পর্যন্ত আমুখ্তা শুনানো ও তিলাওয়াত।

বিকাল

- সালাতুল আসরের পর বিশ্রাম ও খেলাধুলা।
- অভিভাবকদের সাথে সাক্ষাত ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী সংগ্রহ।
- সালাতুল মাগরিবের ২০ মিনিট পূর্বে সালাতের প্রস্তুতি ও নাস্তা।

রাত

- সালাতুল মাগরিবের পর সূরা ওয়াক্বিয়া তিলাওয়াত।
- সূরা ওয়াক্বিয়া তেলাওয়াত শেষে সবক প্রস্তুতকরণ ও তিলাওয়াত রাত ৮:৪৫ মিনিট পর্যন্ত।
- রাত ৮:৪৬ টা -৯:৪৫ টা সালাতুল ইশা ও রাতের খাবার।
- রাত ৯:৪৬ টা - ১০:০০ টা আদ ইয়্যায়ে মাসনূনা ও মাসায়েল শিক্ষা।
- রাত ১০:১০ টা - সালাতুল ফজরের ১ঘণ্টা ২০ মিনিট পূর্ব পর্যন্ত নিদ্রা।

মূল ভবন

একাডেমিক ভবনের একাংশ

মেইন গেইট

مدرسة تعمير الملة الكامل، داكا

TA'MIRUL MILLAT KAMIL MADRASAH, DHAKA

ভর্তি বিষয়ক বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুন:

https://www.tamirulmillat.com

Tamirul Millat Kamil Madrasah-Dhaka (Main Campus)